# সভা নং-০৮

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৫ খ্রিঃ জানুয়ারি মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মাহমুদা জাহান
প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।

সভার তারিখ ঃ ২৮/০১/২০২৫খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, বর্তমানে সারা বিশ্ব একটি ভাইরাস Human Metapneumo Virus প্রাদুর্ভাব দেখা দিয়েছে। আমাদের পাশের দেশ ভারত এ এই ভাইরাস এর কারণে বেশ কিছু মানুষ মারা গিয়েছে। এই ভাইরাস এর উপসর্গ হলো জ্বর সর্দি কাশি শরীর ব্যাথা, নিউমোনিয়া প্রতিকার এর জন্য প্রয়োজন মাক্স পরিধান করা দূরত্ব বর্জন করা, ঘন ঘন হাত ধোয়া এবং জনসচেতনতা প্রয়োজন। আরো একটি ইস্যু বলা প্রয়োজন জন্ম নিবন্ধন নিয়ে যা ব্রাহ্মণপাড়া উপজেলা ৮১% আছে তা আরও যেন বেশী হয় সেই দিকে খেয়াল রাখতে হবে। এছাড়াও হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমের প্রনোদনা কার্যক্রম সফলভাবে সমাপ্ত হয়েছে। উপজেলায় সারের মজুদ সন্তোষজনক। বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা ৮৫৭১ হেক্টর। এ পর্যন্ত প্রায় ৬২% জমিতে বোরো আবাদ হয়েছে। এ সপ্তাহে লক্ষ্যমাত্রা পূরণ হবে এ আশাবাদ ব্যক্ত করছি। মাঠে দন্ডায়মান ফসলের সার্বিক অবস্থা ভালো। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |
| ০৩. | **প্রকৌশলী বিভাগঃ** উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে, মাসিক সভা নং ৪৫ এর "ঙ অনুচ্ছেদ" ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলার হাট বাজার তহবিল ক্রমিক নং ৫. সিদলাই বাজারের সেড নির্মাণ ও ক্রমিক নং ৬. চান্দলা বাজারের সেড পুন: নির্মাণ এর সিদ্ধান্তের আলোকে দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার মেসার্স জুয়ানা কনস্ট্রাকশন কে কাজটি সম্পাদনের জন্য অত্র দপ্তর হতে স্মারক নং- ৩১৩ তাং ১৮/০৭/২৩ইং তারিখে কার্যাদেশ প্রদান করা হয়।<br>কার্যাদেশ পাওয়ার পর ঠিকাদার যথারীতি কাজ শুরু করেন। বাস্তবে কাজ করতে গিয়ে দেখা যায় যে, টাকা সীমিত হওয়ার কারনে মূল প্রাক্কলনে EGL হতে PL এর উচ্চতা ধরা হয়েছে ১'-৩" বাস্তবে প্রয়োজন ২'-৬" সে জন্য PL এর উচ্চতা ১'-৩" বৃদ্ধি পাওয়ায় Grade beam এর উপর ১০" Brick work এর প্রয়োজনীয়তা দেখা দেয়। যাহা মূল প্রাক্কলনে ধরা ছিলনা। তাছাড়া প্রাক্কলনে ০২টি বাজার সেডের ফ্লোরে ১২,২৬৩/- টাকার মাটি ধরা ছিল যাহা প্রয়োজনের তুলনায় অপ্রতুল যাহা বালি দ্বারা ভরাট করা জরুরী হয়ে পড়ায় প্রাক্কলন সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয়।<br>নিম্নোক্ত ছকে সংশোধিত প্রাক্কলন, সংশোধিত চুক্তিমূল্য ও সংশোধিত কার্যাদেশের সময় উপস্থাপন করা হলো।<br>মূল প্রাক্কলিত মূল্য: ৮,০০,০০০/- ; মূল চুক্তিমূল্য: ৭,৬০,০০০/- ; সংশোধিত প্রাক্কলিত মূল্য: ৯,০৮,৬৪১/- ; সংশোধিত চুক্তিমূল্য: ৮,৬৩,২০৯/- ; মূল কাজ সমাপ্তির তারিখ: ২৪/১১/২৩ ; সংশোধিত কাজ সমাপ্তির তারিখ: ৩০/০৩/২৫ ; মন্তব্য: <br>সিদ্ধান্ত ঃ উপস্থাপিত সংশোধিত প্রাক্কলন, সংশোধিত চুক্তিমূল্য ও সংশোধিত সময় বর্ধন অনুমোদন করা হয়। | | উপজেলা প্রকৌশলী |
| ০৪. | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, আমি ব্রাহ্মণপাড়া উপজেলার যোগদান করি দাপ্তরিক স্থবিরতা কাটানোর প্রচেষ্টা চলছে। নিয়মিত কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। শীঘ্রই বন্যাদুর্গতদের খাদ্য সহায়তা প্রদান করার উদ্যোগ নেয়া হবে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, গবাদিপশুর চিকিৎসা হয়েছে ৯০৩টি কৃত্রিম প্রজনন হয়েছে ৭৪৫ মাত্রা, গবাদি পশুর টিকা প্রদান হয়েছে ৩২০০ মাত্রা। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | **প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, বিদ্যালয়ের ক্যাচমেট এলাকায় ৪ বছরের বেশি থেকে ১০ বছরের বেশি শিশুর ভর্তি ৩১ জানুয়ারি /২৫ পর্যন্ত চলবে।<br>এ পর্যন্ত নতুন বই বিতরণের তথ্য:প্রাক প্রাথমিক- আমার বই সহায়িকা। ১ম শ্রেণি- বাংলা, ইংরেজি। ২য় শ্রেণি-বাংলা,ইংরেজি। ৩য় শ্রেণি-বাংলা,ইংরেজি। ৪র্থ শ্রেণি-বাংলা,ইংরেজি ও গণিত। ৫ম শ্রেণি-বাংলা,ইংরেজি ও গণিত। আগামী সপ্তাহের মধ্যে অবশিষ্ট বই চলে আসবে এবং আমরা অতি দ্রুত বিদ্যালয়ে পৌছে দিব।<br>তারুন্য উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষে ইতোমধ্যে "এসো দেশ বদলাই পৃথিবী বদলাই" স্লোগান সংবলিত ব্যানার প্রতিটি বিদ্যালয়ে টাঙ্গানো হয়েছে। বিদ্যালয় পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন কাজ সপ্তাহ ব্যাপি হয়েছে। বর্তমানে প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা বিদ্যালয় পর্যায়ে শুরু হয় ফেব্রুয়ারি থেকে ১৫-০৯ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। উপজেলা পর্যায়ে ১৩ ফেব্রুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে সম্পন্ন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে আলোচনা করে আমরা ফাইনাল খেলা ১৩ ফেব্রুয়ারি/২৫ তারিখ ফাইনাল খেলা আয়োজনের তারিখ নির্ধারন করা হয়েছে। সকলের অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বিনামূল্যের বই স্কুল,৪০% মাদ্রাসা (৬ষ্ঠ-১০ম) দাখিল শ্রেণী ৩০% বই এসেছে। সকল বই প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। বিতরণ চলমান আছে। এবতেদায়ী স্তরের কোন বই পাওয়া যায়নি। অন্যান্য বিষয়ের বই অব্যাহত আছে।আশা মাত্রই বিতরণ করা হবে।<br>বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক খেলাধূলা এবং তারুন্যের উৎসব-২০২৫ এর বাস্তবায়ন চলছে।পাশাপাশি ক্লাস ও হচ্ছে। ডিগ্রী ১ম বর্ষ পরীক্ষা/২০২৩ ২৯ জানুয়ারি হতে শুরু হবে। কেন্দ্র ২টি মোশারফ হোসেন চৌধুরী ডিগ্রী কলেজ ও সাহেবাবাদ ডিগ্রী কলেজ কেন্দ্র (২০২+৯০) জন ৫৩ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা চলমান। ০৫/০২/২০২৫ চূড়ান্ত খেলা ও পুরষ্কার বিতরণ করা হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্কভাতা, বিধবাভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধবা ভাতার ২০২৪-২০২৫ অর্থ বছরের অত্র উপজেলায় বয়স্ক ভাতা খাতে ৫৪৯ জন এবং বিধবা ভাতা খাতে ৬৭২ জন মোট ১২২১ জন বৃদ্ধি পাওয়া গিয়াছে। বর্ধিত এবং প্রতিস্থাপিত ভাতা ভোগীদের তালিকা ০৮(আট) টি ইউনিয়ন পরিষদ হতে রেজুলেশন সহ পাওয়া গিয়াছে। উক্ত তালিকা সমূহ উপজেলা কমিটি অনুমোদনের প্রয়োজন। আলোচনান্তে সম্মানীত সদস্যবৃন্দ ইউনিয়ন কমিটি হতে বর্ধিত ও অনগ্রসর ভাতাভোগীরদের বর্ধিত ভাতা এখনো বরাদ্দ পাওয়া যায়নি।বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে অবহিত করা হবে। | প্রতিস্থাপিত তালিকা উপজেলা কমিটিতে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে,চলমান অর্থ বছরে ঋণ বিতরণ ১ম দফা ২২জন এবং অন্যান্য দফা ১২ জন মোট ৩৪ জন যুব ও যুবমহিলার মাঝে ২২,৭০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। ২১০ জন যুব ও যুব মহিলাদের পারিবারিক হাঁস-মুরগি পালন ও গবাদি পশু পালন বিষয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ দেওয়া হয়। চলমান মাসে ঋণ আদায়ের হার ক্রমপুঞ্জিত ৯৩.২৮%। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৪-২৫ অর্থ বছরে ১ম ও ২য় পর্যায় খাত ওয়ারী বরাদ্দ পাওয়া গিয়েছে। কাবিখা (গম) ৮৫.৮৬৯৬ মে:টন, কাবিটা (নগদ) ১,২০,২১,৭৪৮/১০, টিআর ১,১৮,০৬,৫৭৭/২৩ টাকা উক্ত বরাদ্দ গুলি নীতিমালা অনুযায়ী উপ-বরাদ্দ দেওয়া হয়েছে। ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন থেকে তালিকা নিয়ে দ্রুত সময়ের মধ্যে যাচাই বাছাই করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করা হবে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ মাস পর্যন্ত ০৩ মাসের ১১৩.৪৯ মে. টন পুষ্টি চাউল পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে ডিসেম্বর/২৪ মাসে পুষ্টি চাউল বিতরণ সম্পন্ন হয়েছে। চুক্তিবদ্ধ এনজিও সোশাল শেল্টার ফর ডেভেলপমেন্ট এর মাধ্যমে ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে।<br>কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। অত্র ব্রাহ্মণপাড়া উপজেলায় ০৮টি ইউনিয়নে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরে প্রতি মাসে প্রতি ইউনিয়নে ০৫ জন করে ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে। সে আলোকে জানুয়ারি/২৫ মাসে প্রতি ইউনিয়ন হতে তালিকা পাওয়া গেছে তা যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত করা হবে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। ২০২৫ সালের ক্লাব সদস্য নির্বাচনের লক্ষে শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। ০৫ জন সংগীত শিক্ষক ও ০৩ জন আবৃত্তি শিক্ষক নিয়োগের লক্ষে বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। জরুরী ভিত্তিতে শিক্ষক নিয়োগের প্রয়োজন। জানুয়ারি/২৫ সালে মাসে ১টি বাল্য বিবাহের অভিযোগ পাওয়া যায় এবং তা প্রতিরোধ করা হয়। অত্র কার্যালয়ে তদন্তনাধীন ১০টি অভিযোগ রয়েছে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়) উপজেলা জানান যে, উপজেলা তথ্যকেন্দ্রের ডোর টু ডোর তথ্যা ভিত্তিক এবং উঠান বৈঠক সেবা চলমান রয়েছে। তথ্য সেবার পাশাপাশি বর্তমানে সাইবার সিকিউরিটি, জন্ম নিয়ন্ত্রন, মাদকের কুফল, বাল্য বিবাহ, বিভিন্ন ফতোয়া ইত্যাদি নিয়ে সামাজিকভাবে জনসচেতন করার জন্য তথ্য আপা প্রকল্পের প্রধান কার্যালয় থেকে নির্দেশনা দেওয়া হচ্ছে। সেই অনুযায়ী সকল কর্মসূচী পালন করা হচ্ছে। | | তথ্য সেবা কর্মকর্তা |
| ১২. | **উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৪৯৪১ জনের মধ্যে খাবার বড়ি ১৬৭৬৮ জন, কনডম ২৬৩৮ জন, ইনজেকশন ৫৮৪১ জন, আইইউডি ১৬৪২জন, ইমপ্লান্ট-২৯০৮ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২৪জন এবং মহিলা ৪০০৯জন, ইউনিয়নের মোট ৩৪৩৩০ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.৩৯%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৮১৯ জন,চলতি মাসে নতুন গর্ভবতী ২৩০ জন,গর্ভকালীন ৯৩৯ জন ও গর্ভোত্তর ৪৪৮ জনকে সেবা প্রদান করা হয়েছে। ডিসেম্বর/২৪ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৬২ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবি কর্তৃক ব্রাহ্মণপাড়া উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর মাধ্যমে এ মাসের মোট সদস্য ভর্তি ১০ জন, শেয়ার আদায় ৩০০০/-টাকা, সঞ্চয় আদায় ৭১,০০০/-টাকা। চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ইতিমধ্যে ৪৩৪.০০ লক্ষ টাকা ঋণ বিতরনের বিপরীতে ইতিমধ্যে ২৩২.৭৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায় ১৯৮.৬৫ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৬১% বিদ্যমান খেলাপী ঋণের টাকা আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহত আছে। খেলাপী ঋণ আদায়ে প্রশাসন ও জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করছি। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) :** ব্যাবস্থাপক, জানান যে, ২০২৪-২০২৫ ঋণ বিতরনের লক্ষ্য মাত্রা ১৯.২০ ঋণ বিতরণ হয়েছে ৭.১৫ (সাত কোটি পনের লক্ষ) আদায়ের লক্ষ্যমাত্রা ২০.৫ লক্ষ্য আদায় হয়েছে ৮.১৫ টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য সদস্যদের কে নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া অত্র দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণপাড়া |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে,সমবায় বিভাগে কার্যকর সমবায় সমিতির সংখ্যা ২৮টি অকার্যকর সমবায় সমিতির সংখ্যা ১৩৮টি মোট সমবায় সমিতির সংখ্যা ১৬৬টি, সকল সমবায় সমিতিগুলো অডিট,পরির্দশন এবং সমিতি সদস্যদেরকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করে থাকি। সমবায় বিভাগের সার্বিক কার্যক্রম ভালো আছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের ব্রাহ্মণপাড়া উপজেলায় ৯৬টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের তত্ত্বাবধানে চূড়ান্ত সাইট লিষ্ট ইতিমধ্যে প্রস্তুত করা হয়েছে। খুব শীঘ্রই কাজ শুরু হবে। বর্তমানে ৩১ টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। খুব শীঘ্রই আরো ১৫টি ওয়াশব্লকের কাজ শুরু হবে। UNICEF এর সহায়তায় বন্যা পরবর্তী ল্যাট্রিন ও নলকূপ মেরামত কার্যক্রম চলমান রয়েছে। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ :** ফরেস্টার জানান যে, দীর্ঘ দিন আমি অসুস্থ থাকাবস্থায় অত্র দপ্তরে গাছ কর্তনের বিষয়ে কিছু পত্র জমা পড়ে আছে সে গুলোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | | |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, সরকারি সকল অফিস বাসা বাড়ী ও উপজেলা মডেল মসজিদের বকেয়া সহ সামগ্রিক বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ১৯ | **বিবিধ আলোচনা ঃ** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
| ক. | উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ জালাল সরকার ও জনাব মোঃ সোহেল গত ১২/০২/২০১৫ তারিখে সরকারী চাকুরিতে যোগদান করেন। অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)২৩২,তাং:২১/০৯/২০১৬খ্রি. এর পরিপত্র মোতাবেক চাকুরি ১০ বছর সন্তোষজনক হলে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন মর্মে সিদ্ধান্ত রয়েছে। বর্ণিত অবস্থায় ০২ জন কর্মচারী মোঃ জালাল সরকার ও জনাব মোঃ সোহেল, অফিস সহায়ক ১২/০২/২০২৫ তারিখ (১ম) উচ্চতর গ্রেড প্রাপ্ত হবেন। উক্ত কর্মচারীগণ উচ্চতর গ্রেড প্রাপ্য হওয়ায় তাদের উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | মোঃ জালাল সরকার ও মোঃ সোহেল, অফিস সহায়ক উচ্চতর গ্রেড-(১৯, ৮৫০০-২০,৫৭০) তারিখ:১২/০২/২০২৫ খ্রি. (১ম) উচ্চতর গ্রেড মঞ্জুরের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| খ. | উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে,তারুণ্য উৎসব-২০২৫ উপলক্ষ্যে আয়োজিত কর্মশালায় (খেলা, বির্তক প্রতিযোগিতা, পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, পুরস্কার বিতরণ অনুষ্ঠান ও অন্যান্য কার্যক্রম) কর্মশালা, ব্যয়ের নিমিত্ত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.২০২৪-১৩৩১, তারিখঃ ২২ ডিসেম্বর ২০২৪ এর পরিপত্র ৩(গ) মোতাবেক অতিরিক্ত ব্যয় বাবদ ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ) টাকা বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। | অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহমুদা জাহান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোনঃ ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-১৩(২৮)

তারিখঃ ২৮/০১/২০২৫খ্রি.

**অনুলিপি :**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।

(১-৪) **সদয় অবগতির জন্য।**

৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।
৬. চেয়ারম্যান.................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা

(৫-৬) অবগতি ও কার্যার্থে।

৭. অফিস নথি।

(মাহমুদা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।